# ২০২৫

# বাংলা

## (অনার্স)

## (জেনেরিক ইলেকটিভ)

## (সিবিসিএস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

## চতুর্থ সেমেস্টার

## কোর্স কোড : BNG-H-GE-T-2

## বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

## (গদ্যের বিকাশ থেকে সাময়িক পত্র ও ভাষাতত্ত্ব)

## [CBCS]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত দুটি মৌলিক গ্রন্থের নাম প্রকাশকাল-সহ উল্লেখ করো।

খ) উইলিয়াম কেরী রচিত দুটি বাংলা গদ্যগ্রন্থের নাম প্রকাশকালসহ লেখো।

গ) বঙ্কিমচন্দ্র রচিত দুটি ঐতিহাসিক প্রবন্ধের নাম লেখো।

(পরের পাতায়)

ঘ) বাংলা সাহিত্যে কে প্রথম সাহিত্যিক মহাকাব্য রচনা করেন? প্রকাশকাল সহ মহাকাব্যটির নাম লেখো।

ঙ) বাংলা কাব্যে অমিত্রাক্ষর ছন্দের প্রথম প্রবর্তক কে? এই ছন্দে রচিত প্রথম কাব্যগ্রন্থটির নাম লেখো।

চ) ঔপন্যাসিকদের নাম লেখো:

আরণ্যক, আনন্দমঠ, কালিন্দী, পথের দাবী

ছ) কাব্যগ্রন্থগুলির রচয়িতাদের নাম লেখো:

সর্বহারা, বলাকা, ব্রজঙ্গনা, ধূসর পাণ্ডুলিপি

জ) বাংলায় প্রথম দৈনিক সংবাদপত্রের নাম কী? প্রকাশকালসহ সম্পাদকের নাম লেখো।

ঝ) গিরিশচন্দ্র ঘোষ রচিত দুটি পৌরাণিক নাটকের নাম প্রকাশকাল-সহ লেখো।

ঞ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত প্রথম ও শেষ ছোটগল্পের নাম লেখো।

ট) নাটকগুলির রচয়িতাদের নাম লেখো:

কৃষ্ণকুমারী, চিত্রাঙ্গদা, সধবার একাদশী, প্রফুল্ল

ঠ) শব্দার্থ পরিবর্তনের দুটি কারণ লেখো।

ড) অভিশ্রুতির সংজ্ঞা উদাহরণসহ লেখো।

ঢ) মৌলিক বা নিজস্ব শব্দের অন্তর্গত শব্দগুলির নাম লেখো।

ণ) প্রাচীন বাংলার দুটি ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।



২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'ভোরের পাখি' কাকে বলা হয়? বাংলা কাব্যসাহিত্যে তাঁর অবদান সংক্ষেপে আলোচনা করো।

খ) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়ম কলেজের দু'জন লেখকের অবদান আলোচনা করো।

গ) বাংলা ছোটগল্পে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

ঘ) বাংলা প্রবন্ধ সাহিত্যে রবীন্দ্রনাথ ঠাকুরের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

ঙ) বাংলা নাট্যসাহিত্যে দীনবন্ধু মিত্রের অবদান আলোচনা করো।

চ) বাংলা শব্দভাণ্ডারে 'আগন্তুক শব্দ' কাকে বলে? বাংলা শব্দভাণ্ডার কোন্ কোন্ বিদেশী শব্দের প্রভাবে সমৃদ্ধ হয়েছে উদাহরণসহ তা আলোচনা করো।

ছ) শব্দার্থ পরিবর্তনের কারণ ও ধারা বুঝিয়ে দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ঔপন্যাসিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব বুঝিয়ে দাও।

খ) বাংলা প্রবন্ধ সাহিত্যে বঙ্কিমচন্দ্রের অবদান আলোচনা করো।

গ) কালসীমা উল্লেখ করে সাম্প্রতিক বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ বুঝিয়ে দাও।

ঘ) বাংলা নাট্যসাহিত্যে দ্বিজেন্দ্রলাল রায়ের নাট্য-প্রতিভার পরিচয় দাও।

---